

BANGLADESH HEALTH WATCH

তারিখ: জুলাই ২৯, ২০২১

বরাবর,

অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম

মহাপরিচালক, স্বাস্থ্য সেবা

স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: কোভিড টিকাদান কর্মসূচিকে সহজ করার বিষয়টিকে বিএইচডব্লিউ স্বাগত জানায় ।

মহাপরিচালক মহোদয়,

সম্প্রতি সরকার ঘোষণা করেছে যে, কোভিড টিকাদান কর্মসূচিকে সম্প্রসারিত ও গতিশীল করে দ্রুততম সময়ে জনগণের বৃহত্তর অংশকে টিকার আওতায় নিয়ে আসা হবে। সর্বশেষ পরিকল্পনা অনুযায়ী, আগামী ৭ আগস্ট হতে গণটিকাদান কার্যক্রমকে সহজীকরণের মাধ্যমে ওয়ার্ড পর্যায় পর্যন্ত নিয়ে যাওয়া হবে, যেখানে সুরক্ষা অ্যাপের মাধ্যমে করা জটিল নিবন্ধনের বাধ্যবাধকতা থাকবে না। বরং টিকাদান কেন্দ্রেই জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে তাৎক্ষণিক নিবন্ধন করা যাবে; যাদের জাতীয় পরিচয়পত্র নাই তারাও নিবন্ধিত হতে পারবেন।

বাংলাদেশ হেলথ ওয়াচ (বিএইচডব্লিউ) সরকারের এই সময়োপযোগী ও দৃঢ় পদক্ষেপকে স্বাগত জানায় এবং বহু প্রতিবন্ধকতাকে জয় করে টিকা কেনার ক্ষেত্রে অর্জিত সফলতার প্রশংসা করে। আমরা প্রতি সপ্তাহে ৬০ লক্ষ টিকা প্রদানের এই বিশাল কার্যক্রমের সফলতা কামনা করি। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, কাউকে বাদ না দিয়ে নয়, বরং সকল শ্রেণির নাগরিকদের অন্তর্ভুক্ত করে এই বিশাল কর্মযজ্ঞ পরিচালনার জন্য ব্যক্তি ও নাগরিক প্লাটফর্মের সমর্থন ও সহযোগিতা প্রয়োজন। লক্ষভুক্ত সকল জনগণকে টিকার আওতায় নিয়ে আসার বিষয়টি তখনই সফল করা সম্ভব, যখন সকল নাগরিক পূর্ণমাত্রায় এ কার্যক্রমে সম্পৃক্ত হবে ও অংশগ্রহণ করবে। আমরা উৎসাহিত হই যখন দেখি সরকারও একইভাবে চিন্তা করছে। আমরা সকল নাগরিক, রাজনৈতিক কর্মী, পেশাজীবী, শিক্ষার্থী ও অন্যান্য সংগঠিত প্লাটফর্মকে এই বিশাল জনসম্পৃক্ততার কার্যক্রমে অংশ নেওয়ার আহ্বান জানাই।

বাংলাদেশ হেলথ ওয়াচ করোনা মোকাবেলায় সরকারের সর্বাঙ্গিক লকডাউন কর্মসূচি বাস্তবায়নের দৃঢ় উদ্যোগকে স্বাগত জানায়। যদিও সর্বাঙ্গিক এ লকডাউনের প্রথম দুইদিনের কঠোর বাস্তবায়নের পরে সাম্প্রতিক শিথিলতা উদ্বেগ সৃষ্টি করছে।

বিএইচডাব্লিউ সকল নাগরিককে তাই গুরুত্বের সাথে লকডাউন পালনের আহ্বান জানায়। সংক্রমণ রোধ করতে ও জীবন বাঁচাতে আমরা সকল নাগরিককে ঘরের বাইরে গেলে সবসময় মাস্ক পরার আহ্বান জানাই। নাগরিক সমাজের সাথে সরকার ঘনিষ্ঠভাবে কাজ করলেই কেবল এটি নিশ্চিত হতে পারে।

বিএইচডাব্লিউ দেশের কোভিড পরিস্থিতি গভীরভাবে পর্যবেক্ষণ করছে এবং মানুষের বেঁচে থাকা ও সুস্থ জীবনযাপনের প্রতি এ হুমকি মোকাবেলায় সমাজের সকল ক্ষেত্রে সর্বাঙ্গিক সহযোগিতা ও সমর্থন প্রদানের অঙ্গীকার করছে।

ধন্যবাদান্তে,



আহমদ মোশতাক রাজা চৌধুরী, পিএইচডি
আহ্বায়ক, বাংলাদেশ হেলথ ওয়াচ

অনুলিপি, সদয় অবগতির জন্য:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। মাননীয় সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যাপক ডা. মিরজাদী সেব্রিনা ফ্লোরা, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ডিজিএইচএস, মহাখালী, ঢাকা।
- ৪। অধ্যাপক ডা. তাহমিনা শিরিন, মহাপরিচালক, আইইডিসিআর, ডিজিএইচএস, মহাখালী, ঢাকা।